দৈনিক বাংলা

তারিখ ... 0 1 JUL 1991 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭ ...

15.

# এ বছর ৪টি বোর্ডের এসএসসি পরীক্ষার ফল একসঙ্গে প্রকাশিত হবে না

।। বিশেষ সংবাদদাতা ।।

এ বছর দেশের চারটি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল একসঙ্গে প্রকাশিত হবে না।

গতকাল জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ডাঃ বদরুদ্দোজা চৌধুরী এ কথা জানান। জনাব মকসুদ ইবনে আজিজ লামার প্রশ্নের জবাবে তিনি বলেন, কুমিল্লা ও যশোর বোর্ডের স্থগিত এসএসসি পরীক্ষার ফল ঢাকা ও রাজশাহী বোর্ডের সঙ্গে একসাথে

(৪–এর পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

## এ বছর ৪টি বোর্ডের

(প্রথম পৃষ্ঠার পর)

প্রকাশের কোন ব্যবস্থা সরকার করছে না।

উল্লেখ্য, ২৯শে এপ্রিলের প্রলয়ংকরী ঘূর্ণিঝড়ের কারণে কুমিল্লা ও যশোর বোর্ডের পরীক্ষা স্থগিত রাখা হয়। ঢাকা ও রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষা যথাসময়ে অনুষ্ঠিত হয়। কুমিল্লা ও যশোর বোর্ডের স্থগিত পরীক্ষা এখন অনুষ্ঠিত হচ্ছে।